

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
সাধারণ শাখা
রাজবাড়ী
www.rajbari.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশলের ব্যাপক প্রচার এবং জনঅবহিতকরণের জন্য মতবিনিময় সভার কার্যবিবরণী


সভাপতি : আবু কায়সার খান
জেলা প্রশাসক
রাজবাড়ী
তারিখ : ১৯/০৩/২০২৩
সময় : বেলা ১১:০০
স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী

সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে এবং অগ্নিবরা মার্চে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ মহান মুক্তিযুদ্ধের সকল শহিদ ও বীর মুক্তিযোদ্ধাদের প্রতি শ্রদ্ধা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজবাড়ী বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনান এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সচেতনতা বৃদ্ধির বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। অতঃপর রাজবাড়ী জেলায় জাতীয় শুদ্ধাচার কৌশলের ব্যাপক প্রচার এবং জনঅবহিতকরণের লক্ষ্যে আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম:	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজবাড়ী সকল সরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে যারা শুদ্ধাচার চর্চায় এগিয়ে আছে, তাদেরকে স্বীকৃতিস্বরূপ সম্মাননা প্রদান করার বিষয়ে আলোচনা করেন। এ বিষয়ে তিনি জেলা প্রশাসন, রাজবাড়ীর উদ্যোগে অত্র কার্যালয়ের কর্মচারীদের পুরস্কৃত করা এবং তাদের ইতিবাচক পরিবর্তনের বিষয়ে আলোকপাত করেন। সেই সঙ্গে অন্যান্য সকল দপ্তরকে এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করার অনুরোধ করেন।	শুদ্ধাচার চর্চার স্বীকৃতিস্বরূপ সম্মাননা প্রদান চলমান রাখাসহ এ কার্যক্রমকে আরও বেগবান করতে সকল দপ্তরকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	জেলা প্রশাসন, রাজবাড়ী ও দপ্তরপ্রধান (সকল), রাজবাড়ী
০২	যে সকল দপ্তর নৈতিকতা কমিটি গঠনপূর্বক তথ্য বাতায়নে আপলোড করেছে, তাদেরকে ধন্যবাদ জানানো হয়। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজবাড়ীকে এ বিষয়ে বিস্তারিত তথ্য উপস্থাপনের জন্য অনুরোধ করা হলে তিনি সভায় বিস্তারিত তথ্য উপস্থাপন করেন। সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে জেলা পর্যায়ের প্রত্যেক দপ্তরে নৈতিকতা কমিটি গঠনের বিষয়ে গুরুত্বারোপ করেন।	সকল দপ্তর নৈতিকতা কমিটি গঠন করে তা স্ব-স্ব দপ্তরের তথ্য বাতায়নে Upload করবেন। এ বিষয়ে প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজবাড়ী প্রত্যেক দপ্তরের কর্মকর্তাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।	সংশ্লিষ্ট দপ্তরপ্রধান, রাজবাড়ী ও প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজবাড়ী

০৩	দেশের নাগরিকদের মধ্যে দেশপ্রেম জাগ্রতকরণ সংক্রান্ত কর্মসূচি গ্রহণের বিষয়ে গুরুত্বারোপ করা হয়।	সকলের মধ্যে দেশপ্রেম জাগ্রতকরণে বিশেষ কর্মসূচি গ্রহণসহ সমাজে ন্যায় ও সততা প্রতিষ্ঠা করতে হবে। শুদ্ধাচার বিষয়ে সকল বিভাগীয় প্রধানগণ নিজ নিজ দপ্তরে কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে দেশপ্রেম জাগ্রতকরণে উদ্বুদ্ধকরণ সভাসহ বিশেষ বিশেষ কার্যক্রম গ্রহণ করবেন।	দপ্তরপ্রধান (সকল), রাজবাড়ী
০৪	সভায় জাতীয় শুদ্ধাচার কৌশলের ব্যাপক প্রচার এবং জনঅবহিতকরণের জন্য মতবিনিময় সভা আয়োজনের বিষয়ে গুরুত্বারোপ করা হয়।	সংশ্লিষ্ট সকল দপ্তরপ্রধানগণ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং অত্র কার্যালয়কে যথাসময়ে অবহিত করবেন।	দপ্তরপ্রধান (সকল), রাজবাড়ী ও উপজেলা নির্বাহী অফিসার (সকল) রাজবাড়ী
০৫	জাতীয় শুদ্ধাচার কৌশলের ব্যাপক প্রচার ও জনঅবহিতকরণের জন্য উপজেলা কমিটির সভা আয়োজন এবং জনজীবনে শুদ্ধাচার চর্চার গুরুত্ব সম্পর্কে আলোকপাত করা হয়।	উপজেলা নির্বাহী অফিসারগণ প্রতিমাসে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে মতবিনিময় সভার আয়োজন করবেন এবং এ কার্যালয়কে যথাসময়ে অবহিত করবেন।	উপজেলা নির্বাহী অফিসার (সকল) রাজবাড়ী

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


আবু কায়সার খান
জেলা প্রশাসক
রাজবাড়ী

ফোনঃ-০২৪৮৮৭০৭৫৩৩

e-mail: dcrajbari@mopa.gov.bd


৪

স্মারক নং- ০৫.৩০.৮২০০.০২৩.০৬.১০৯.২১-১ ন/৭

তারিখ: ১৭ চৈত্র ১৪২৯
৩০ মার্চ ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজবাড়ী।
- ৫। রাজবাড়ী
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর/ পাংশা/ বালিয়াকান্দি/ গোয়ালন্দ/ কালুখালী, রাজবাড়ী।
- ৭। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজবাড়ী।
(কার্যবিবরণী জেলার ওয়েবসাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)।
- ৮।


জেলা প্রশাসক
রাজবাড়ী
৪